

## Frequently Asked Questions (FAQ) For Pension

**১। পেনশনারগণ কত বছর থেকে ২৫০০ টাকা চিকিৎসা ভাতা প্রাপ্ত হবেন?**

উত্তরঃ ৬৫ বছর পূর্ণ হলে।

**২। পেনশনারগণের উৎসব ভাতা ও নববর্ষ ভাতার হার কত হবে?**

উত্তরঃ মোট প্রাপ্ত পেনশন হতে চিকিৎসা ভাতা, রেশন ভাতা, শিশু ভাতা, বিশেষ সুবিধা বাদ দিয়ে যে অংশটুকু থাকে সেটাই উৎসব ভাতা এবং প্রাপ্ত উৎসব ভাতার ৫ ভাগের ১ ভাগ পাবেন নববর্ষ ভাতা।

**৩। পারিবারিক পেনশন কে কে পাবেন এবং কতদিন পর্যন্ত পাবেন?**

উত্তরঃ পারিবারিক পেনশন পাবেন-

# পেনশনারের স্ত্রী/স্বামী পূর্ণঃ বিবাহ না করার শর্তে আজীবন প্রাপ্য।

# পেনশনারের প্রতিবন্ধী সন্তান আজীবন পেনশন প্রাপ্য।

# মূল পেনশনার ও পারিবারিক পেনশনার পেনশন ভোগের ১৫ বছরের মেয়াদকাল পূর্তির কোন সময় অবশিষ্ট থাকলে শুধু উক্ত সময় পূর্তি পর্যন্ত সন্তান/সন্তানগণ পারিবারিক পেনশন প্রাপ্য হবেন (বেসামরিকদের জন্য প্রযোজ্য)।

**৪। সর্বোচ্চ কতজন রেশন সুবিধা পাবেন এবং সন্তানগণ কত বছর পর্যন্ত রেশন সুবিধা প্রাপ্ত হবেন?**

উত্তরঃ নিজ, স্ত্রী (আজীবন) ও সন্তানসহ মোট ৫ জন এবং সন্তানগণ ২২ বছর পর্যন্ত রেশন পাবেন। তবে ২২ বছর পূর্তি পূর্বেই যদি চাকুরীতে যোগদান বা বিবাহ বন্ধনে আবদ্ধ হন তাহলে রেশন সুবিধা প্রাপ্ত হবেন না।

**৫। সন্তানদের রেশন প্রাপ্তির বয়সসীমা অতিক্রম করলে রেশন সুবিধা কি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে? এক্ষেত্রে করণীয় কি?**

উত্তরঃ না, এক্ষেত্রে পেনশনারের সংশ্লিষ্ট এসএফসি, এফসি ও এফপিও অথবা সিসিডিএফ (পেনশন ও ফান্ড) কার্যালয়ের সাথে মূল এনআইডি কার্ডসহ হটলাইন নাম্বারের মাধ্যমে বা সরাসরি অবগত করতে হবে।

**৬। লাইভ ভেরিফিকেশন কখন, কোথায় এবং কিভাবে করবেন?**

উত্তরঃ পেনশনারগণ ১১ মাস পরপর মূল এনআইডি কার্ডসহ বাংলাদেশের যে কোন সরকারি হিসাবরক্ষণ অফিস, এসএফসি, এফসি এবং এফপিও অফিসে স্বশরীরে উপস্থিত হয়ে লাইভ ভেরিফিকেশন সম্পন্ন করতে পারবেন।

#### ৭। গুরুতর অসুস্থ পেনশনারের লাইভ ভেরিফিকেশন করার উপায় কি?

উত্তরঃ পেনশনারের প্রতিনিধি পেনশনারের মূল এনআইডি কার্ডসহ বাংলাদেশের যে কোন সরকারি হিসাবরক্ষণ অফিস, এসএফসি, এফসি এবং এফপিও অফিসে উপস্থিত হয়ে ভিডিও কলের মাধ্যমে লাইভ ভেরিফিকেশন সম্পন্ন করতে পারবেন।

#### ৮। লাইভ ভেরিফিকেশনের কতদিন পর বকেয়া পেনশন, উৎসব ভাতা ইত্যাদি পেনশনারের ব্যাংক একাউন্টে ক্যাশ ইন হবে?

উত্তরঃ লাইভ ভেরিফিকেশন সম্পন্ন করার কমপক্ষে ৩ (তিন) কর্মদিবস পর।

#### ৯। পেনশনারের মৃত্যুতে করণীয় কি?

উত্তরঃ অতিসত্তর পেনশনারের এনআইডি ও মৃত্যু সনদসহ নিকটস্থ হিসাবরক্ষণ অফিস কর্তৃক পেনশন বন্ধ করতে হবে।

#### ১০। পারিবারিক পেনশনার কখন পুনঃস্থাপিত পেনশনের সুবিধা পাবেন?

উত্তরঃ মূল পেনশনার নিজে পুনঃস্থাপিত হলেই কেবল পারিবারিক পেনশনার পুনঃস্থাপিত পেনশনের সুবিধা পাবেন।

#### ১১। ওভারপেইড (প্রাপ্যতার অতিরিক্ত) হলে করণীয় কি?

উত্তরঃ পেনশনার যখন অবগত হবেন যে, তিনি প্রাপ্যতার অতিরিক্ত পেনশন পাচ্ছেন তখন তিনি যতদ্রুত সম্ভব তার (পেনশনারের) সংশ্লিষ্ট এসএফসি, এফসি, এফপিও বা সিসিডিএফ (পেনশন ও ফান্ড) কার্যালয়ে হট লাইন নাম্বারের মাধ্যমে বা সরাসরি জানাবেন।

#### ১২। পারিবারিক পেনশনারের নন ম্যারেজ সার্টিফিকেট কখন প্রয়োজন হয়?

উত্তরঃ ক) মহিলা পারিবারিক পেনশনারের ক্ষেত্রে ৫০ বছর বয়স পর্যন্ত লাইভ ভেরিফিকেশন এর জন্য নন ম্যারেজ সার্টিফিকেট প্রয়োজন হয়।

খ) পুরুষ পারিবারিক পেনশনারের ক্ষেত্রে আজীবন লাইভ ভেরিফিকেশন এর জন্য নন ম্যারেজ সার্টিফিকেট প্রয়োজন হয়।

